গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।
www.skh.gov.bd

# সংশোধিত বিজ্ঞপ্তি

সরকারি কর্মচারী হাসপাতালে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সেবা প্রদানের লক্ষ্যে চিকিৎসা সেবা গ্রহণে আগ্রহী সরকারি কর্মচারীগণকে (পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করে) স্বাস্থ্য কার্ড প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি কর্মচারীগণ কর্তৃক স্ব-স্ব দপ্তর হতে নির্ধারিত ছকে সংগৃহীত প্রত্যয়নপত্র জমাদানের পরিপ্রেক্ষিতে পূর্ব নিবন্ধিত অথবা নতুনভাবে নিবন্ধন সম্পন্ন করে স্বাস্থ্য কার্ড প্রদান করা হবে। আগ্রহী সরকারি কর্মচারীকে নমুনা ছক অনুযায়ী স্ব-স্ব কর্তৃপক্ষ হতে প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিয়ে আগামী ৩১ জানুয়ারি, ২০২৫ এর মধ্যে হাসপাতালের নিবন্ধন শাখা হতে ‘স্বাস্থ্য কার্ড’ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(ক) প্রথমে সরকারি কর্মচারী চাকরির প্রমাণকস্বরূপ নিজ নিজ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে প্রত্যয়নপত্র দাখিল করবেন। অতঃপর পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করতে ইচ্ছুক হলে প্রযোজ্য প্রমাণকসহ নির্ধারিত ছক মোতাবেক তথ্য প্রদান করতে হবে;

(খ) তালিকাভুক্ত সকলের জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন/(বাচ্চাদের ক্ষেত্রে) টিকা সনদের কপি জমা দিতে হবে;

(গ) নির্ধারিত স্থানে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে;

(ঘ) সরকারি কর্মচারীর নিবন্ধন সম্পন্নের পর পরিবারের সদস্যদের নিবন্ধন সম্পন্ন করা হবে;

(ঙ) পিআরএল ভোগরত কর্মচারীর ক্ষেত্রে সরাসরি পিআরএল আদেশের কপি ও এনআইডি’র কপি জমা দিতে হবে;

(চ) অবসরপ্রাপ্ত কর্মচারীর ক্ষেত্রে সরাসরি পেনশন পেমেন্ট অর্ডার (পিপিও) ও এনআইডি’র কপি জমা দিতে হবে;

(ছ) আগামী ৩১ জানুয়ারি, ২০২৫ তারিখ থেকে হাসপাতাল প্রদত্ত কার্ড অথবা স্ব-স্ব প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়নপত্র ব্যতিত কোন সরকারি কর্মচারীকে চিকিৎসা পরামর্শ ছাড়া সরকারি কর্মচারীর ন্যায় অন্যান্য সেবা বিনামূল্যে প্রদান করা হবে না;

(জ) ৩১ জানুয়ারি, ২০২৫ তারিখের পর ‘সরকারি’ হিসেবে নিবন্ধিত আইডিসমূহ ‘বেসরকারি’ হিসেবে রূপান্তর করা হবে। স্ব-স্ব কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র যাচাই সাপেক্ষে তা আবার ‘সরকারি’ হিসেবে নিবন্ধন করে ‘স্বাস্থ্য কার্ড’ প্রদান করা হবে।

**প্রচারে**

সরকারি কর্মচারী হাসপাতাল কর্তৃপক্ষ

**(ক) সরকারি কর্মচারীর তথ্য (অফিস কর্তৃক পুরণীয়)**

| ক্র | কর্মচারীর নাম, পদবি ও জন্ম তারিখ | এনআইডি নম্বর | মোবাইল নম্বরও ই-মেইল | ছবি |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**দপ্তর প্রধান/ উপযুক্ত কর্তৃপক্ষের স্বাক্ষর**

## (খ) সরকারি কর্মচারীর পরিবারের সদস্যদের তথ্য (সরকারি কর্মচারী কর্তৃক পূরণীয়)

| ক্র | নাম ও জন্ম তারিখ | এনআইডি / জন্ম নিবন্ধন নম্বর | সম্পর্ক | ছবি |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

সরকারি কর্মচারীর স্বাক্ষর

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

(ক) নীতিমালা অনুযায়ী নিম্নোক্ত ব্যক্তিবর্গ সরকারি কর্মচারীর পরিবারের সদস্য হিসাবে হাসপাতাল কার্ডে সংযুক্ত হতে পারবেন;

(অ) স্বামী/স্ত্রী;

(আ) ছেলে/মেয়ে (২৫ বছর বা অবিবাহিত পর্যন্ত অথবা শারীরিক/ মানসিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন);

(ই) পিতা/মাতা;

(ঈ) শ্বশুর/শাশুড়ি;

(উ) নির্ভরশীল ভাই/বোন (শারীরিক/মানসিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন)।

(খ) তালিকার সাথে সরকারি কর্মচারীর নিজের এবং ছকে উল্লিখিত পরিবারের সদস্যদের জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের কপি জমা দিতে হবে;

(গ) নির্ধারিত স্থানে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে;

(ঘ) অফিস থেকে প্রত্যয়ন প্রাপ্তির উক্ত প্রত্যয়ন পত্র দাখিল করে নিজের রেজিস্ট্রেশন নিশ্চিত করবেন এবং তারপর পরিবারের সদস্যদের তথ্য প্রয়োজনীয় রেকর্ডপত্র সহ জমা দিয়ে তাঁদের নিবন্ধন সম্পন্ন করবেন।